



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রারের কার্যালয়

www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/৯০/০৩, ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/২০১৫/১১২২৬

তারিখ: ১২/০৩/২০২২ খ্রি.


বিষয়: ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক আয়োজিত 'যোগ্য আলিম ও দক্ষ মানবসম্পদ তৈরীতে মাদরাসা শিক্ষকদের ভূমিকা' শীর্ষক আলোচনা সভায় অংশগ্রহণ প্রসঙ্গে।

আসসালামু আলাইকুম,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক 'যোগ্য আলিম ও দক্ষ মানবসম্পদ তৈরীতে মাদরাসা শিক্ষকদের ভূমিকা' শীর্ষক এক আলোচনা সভা আগামী ১৪.০৩.২০২২ তারিখ বিকাল ৩:০০ ঘটিকায় ভবানীপুর ইসলামিয়া কামিল মাদরাসা, পার্বতীপুর, দিনাজপুর এ অনুষ্ঠিত হবে। উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে মাননীয় শিক্ষা মন্ত্রী ডা. দীপু মনি এম.পি উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মাননীয় শিক্ষা উপমন্ত্রী জনাব মহিবুল হাসান চৌধুরী, এম.পি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জনাব মোঃ আবু বকর হিন্দীক, সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং জনাব মোঃ কামাল হোসেন, সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়। উক্ত আলোচনা সভায় মূল আলোচক হিসেবে উপস্থিত থাকবেন প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ, উপাচার্য, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সাবেক মন্ত্রী এ্যাডভোকেট মোস্তাফিজুর রহমান এম.পি।

উক্ত আলোচনা সভায় রংপুর বিভাগের সকল জেলার ফাজিল ও কামিল মাদরাসার অধ্যক্ষসহ ০৪ (চার) জন শিক্ষক এবং বগুড়া, জয়পুরহাট ও নওগা জেলার সকল ফাজিল ও কামিল মাদরাসার অধ্যক্ষকে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে


১২.০৩.২০২২
(মোঃ রেজাউল হক)

রেজিস্ট্রার

মোবাইল: ০১৭০৫-৪০৮০০১

ই-মেইল: iaregistr@gmail.com

অধ্যক্ষ/ অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

রংপুর বিভাগ এবং বগুড়া, জয়পুরহাট ও নওগা জেলার
সকল ফাজিল ও কামিল মাদরাসা।

স্মারক নং-ইআবি/রেজি/প্রশা/২০১৫/১১২২৬


তারিখ: ১২/০৩/২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল:

১. জেলা প্রশাসক, দিনাজপুর।
২. পুলিশ সুপার, দিনাজপুর।
৩. উপজেলা নির্বাহী অফিসার, পার্বতীপুর, দিনাজপুর।
৪. জেলা শিক্ষা অফিসার (সংশ্লিষ্ট সকল জেলা)।
৫. আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

সদয় অবগতি:

১. ট্রেজারার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
২. পরিচালক (অর্থ ও হিসাব), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
৩. উপাচার্যের একান্ত সচিব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (মাননীয় উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. প্রো-ভাইস-চ্যান্সেলরের একান্ত সচিব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (প্রো-ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. নথি।


(মোঃ জাকির হোসেন)
সহকারী রেজিস্ট্রার